দৈনিক ইনকিলাব

2 6 SEP 1993

# কলাগাছিয়া হাই স্কুলে মুসলিম ছাত্র-ছাত্রী ভর্তি নিষিদ্ধ ?

মাদারীপুর, ২৫ সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– মাদারীপুর সদর থানার কেন্দুয়া ইউনিয়নাধীন কলাগাছিয়া হাই স্কুলে মুসলিম ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারছে না। ফলে মুসলিম ছাত্র-ছাত্রীরা লেখাপড়ার সুযোগ থেকে চরমভাবে বঞ্চিত হচ্ছে। স্কুলের শিক্ষক এমনকি ম্যানেজিং কমিটির সকলেই হিন্দু সম্প্রদায়ের লোক হওয়ায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে মুসলিম ছাত্র-ছাত্রীরা অভিযোগ করছে। এ ব্যাপারে, উক্ত স্কুলের প্রধান শিক্ষক জানান, এখানে ইসলামিয়াতের কোন শিক্ষক না থাকায় মুসলিম ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হচ্ছে না। অথচ স্বাধীনতা-উত্তরকালে মাদারীপুরের সর্বোচ্চ বিদ্যাপীঠ ইউনাইটেড ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়ে ৫ থেকে ১০ জন হিন্দু ছাত্রের জন্য পৃথকভাবে সংস্কৃত ক্লাস নেয়া হতো। আর ভর্তির ব্যাপারে কোন জটিলতার বালাই ছিল না। কিন্তু কলাগাছিয়া হাই স্কুলের ম্যানেজিং কমিটি ইসলামিয়াতের শিক্ষক সংকট ফতোয়া জারি করে এলাকার মুসলিম ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার সুযোগ থেকে বঞ্চিত করছে। বিষয়টি খতিয়ে দেখার জন্য এলাকার মুসলিম ছাত্র-ছাত্রীরা উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়েছে।